সেবা কল্যাণ সংহতি
Retired Armed Forces Officers' Welfare Association (RAOWA)
VIP Road, Mohakhali, Dhaka-1206, Tel : 02-55058363, 02-55058364, 02-55058365, 02-55058366
Mob : 01711-054 344, E-mail : raowa.office@gmail.com, Web : www.raowa.org

তারিখঃ ৩০ ডিসেম্বর ২০২৫

# শোক বার্তা

সাবেক রাষ্ট্রপতি এবং সেনাবাহিনী প্রধান শহিদ জেনারেল জিয়াউর রহমান এর সহধর্মিণী, বাংলাদেশের তিনবারের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া অদ্য ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখ সকাল আনুমানিক ০৬:০০ ঘটিকায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজেউন)। বেগম খালেদা জিয়ার মৃত্যুতে রাওয়া পরিবার গভীরভাবে শোকাহত।

বাংলাদেশের রাজনীতিতে গণতান্ত্রিক চর্চার প্রতীক, বলিষ্ঠ, দৃঢ় এবং গভীর আত্মপ্রত্যয়ী বেগম খালেদা জিয়া এ দেশের রাজনৈতিক অঙ্গনে এবং জাতির যে কোনো ক্রান্তিলগ্নে আলোকবর্তিকা হয়ে সু-সময়ের পথ দেখিয়েছেন, যা আমরা গভীর শ্রদ্ধার সাথে এবং কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি।

বেগম খালেদা জিয়া নির্দিষ্ট কোনো দল বা মতের উর্ধ্বে গিয়ে সামগ্রিকভাবে বাংলাদেশ এবং এর আপামর জনসাধারণকে যে গভীর মমতার বন্ধন ও দেশপ্রেমে আবদ্ধ করেছিলেন, তা ভবিষ্যৎ প্রজন্মের জন্য অনুকরণীয় হয়ে থাকবে, ইন শা আল্লাহ্।

বাংলাদেশের এই ক্রান্তিলগ্নে, রাওয়া পরিবার, মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মহান আল্লাহ-তাআলা মরহুমাকে বেহেশত নসিব করুন।

আমিন-

কর্নেল মোহাম্মদ আব্দুল হক, পিএসসি (অবঃ)
চেয়ারম্যান
রিটায়ার্ড আর্মড ফোর্সেস অফিসার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন (রাওয়া)

CS Scanned with CamScanner